

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

ইরেসপো-২য় পর্যায়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.২২.৮২৬

তারিখ- ২১/০৭/২০২২ খ্রি.

বিষয়: বিতরণকৃত ঋণের ন্যূনতম ৫০ ভাগ কিস্তিতে আদায়ে ব্যর্থ মাঠ সংগঠকদের শাস্তিমূলক বদলীকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প-২য় পর্যায় এর আওতায় সুফলভোগী সদস্যদের দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ এবং ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে। কিন্তু বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায়যোগ্য হলেও লক্ষ্য করা গেছে যে, অধিকাংশ উপজেলায় কিস্তিতে ঋণ আদায়ের হার (OTR) খুবই কম। কিস্তিতে ঋণ আদায় না হলে স্বভাবতই ধরে নেয়া যায় যে, ঋণ আদায়ের সাথে সম্পৃক্ত মাঠ সংগঠক ঋণের কিস্তি আদায়ের জন্য নিয়মিতভাবে সদস্য/সমিতি পর্যায়ে গমন করেন না অথবা কিস্তিতে ঋণ আদায় করলেও তা অফিস/ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করেন না অথবা এক সমিতির আদায়কৃত অর্থ অন্য সমিতিতে আদায় দেখিয়ে মেয়াদোত্তীর্ণ ঋণ কম দেখানোর চেষ্টা করেন। এতে করে সবসময়ই মাঠসংগঠক কর্তৃক বেশ কিছু অর্থ হস্তমজুদ/আত্মসাৎ করে থাকেন। তাছাড়া মাঠ সংগঠকদের তদারকীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব অবহেলার কারণে মাঠ সংগঠক কর্তৃক অর্থ হস্তমজুদ/আত্মসাৎের সুযোগ সৃষ্টি হয়। তাই সরকারী অর্থ আত্মসাৎ রোধকল্পে আগামী ৩ মাসের মধ্যে/অক্টোবর ২০২২ খ্রি. এর মধ্যে প্রত্যেক মাঠ সংগঠকের কিস্তিতে ঋণ আদায়ের হার (OTR) ৫০% এ উন্নীত করতে হবে। অন্যথায় ব্যর্থ মাঠ সংগঠককে শাস্তিমূলক বদলীসহ অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে অর্পিত দায়িত্ব পালনে অধিকতর যত্নবান হওয়ার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশিদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন নং- ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিআরডিবি,.....(সংশ্লিষ্ট সকল উপজেলা)।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি,(সংশ্লিষ্ট সকল জেলা)।
২. উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও পরিকল্পনা), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপপ্রকল্প পরিচালক (উন্নয়ন ও অর্থ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি,....(সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৭. অফিস কপি।